

এনসিটিবি-তে ম্যুরাল উদ্বোধনে শিক্ষামন্ত্রী বঙ্গবন্ধুর ভাষণ থেকে মানুষ প্রেরণা লাভ করবে

ঢাকা, ১৫ জানুয়ারি ২০১৮

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ রাজধানীর মতিঝিলে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কার্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের ম্যুরাল চিত্র উদ্বোধন করেন। এনসিটিবি ভবনের নিচতলায় দেয়ালে এ ম্যুরাল স্থাপিত হয়েছে।

এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী বলেন, ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণে বঙ্গবন্ধু এ দেশের মানুষের আশা-আকাঙ্ক্ষা, সংগ্রাম ও ভবিষ্যৎ দিক-নির্দেশনা ধারণ করে বক্তৃতা দিয়েছিলেন। এ ভাষণ সমগ্র জাতিকে প্রেরণা যুগিয়েছে। এটিই ছিল স্বাধীনতার প্রকৃত ঘোষণা। তিনি বলেন, এটি কোন লিখিত ভাষণ ছিল না। এটি এমন একটি অনন্যসাধারণ ভাষণ, যা বর্তমানে ইউনেস্কো কর্তৃক বিশ্ব ঐতিহ্যের অংশ হিসেবে স্বীকৃতি পেয়েছে। ভবিষ্যতেও মানুষ এ থেকে প্রেরণা লাভ করবে। আমাদের সামাজিক- অর্থনৈতিক মুক্তির চেতনায় এ ভাষণ যুগ যুগ ধরে প্রেরণা যুগাবে।

শিক্ষামন্ত্রী বলেন, ২০০৯ সালে সরকার গঠনের পর থেকেই শিক্ষা মন্ত্রণালয় বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের স্বীকৃতি আদায়ের চেষ্টা করে আসছিল। এ নিরন্তর চেষ্টার ফলে গত বছরের ৩০ অক্টোবর ইউনেস্কোর ৩৯তম সাধারণ সম্মেলনে এ ভাষণ ইউনেস্কোর 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড' রেজিস্টারে অন্তর্ভুক্ত হয়।

শিক্ষামন্ত্রী ম্যুরাল স্থাপনের উদ্যোগ গ্রহণ করায় এনসিটিবি কর্তৃপক্ষকে ধন্যবাদ ও অভিনন্দন জানান। এবছরের শুরুতে শিক্ষার্থীদের হাতে সময়মত বই পৌঁছে দেয়ার জন্যও শিক্ষামন্ত্রী এনসিটিবেকে অভিনন্দন জানান। তিনি বলেন, এবার ৩৫ কোটি ৪২ লাখ ৯০ হাজার ১৬২টি বই শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হয়েছে। এবছর নবম-দশম শ্রেণির ১২টি নতুন বই উন্নত কাগজে চার রঙে বই ছাপা হয়েছে। শিক্ষামন্ত্রী বলেন, গত ৯ বছর ধরে এ বই বিতরণে কোন ব্যত্যয় ঘটেনি। নয় বছরে মোট ২৬০ কোটি ৮৫ লাখ বই বিতরণ করা হয়েছে।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন, এনসিটিবি'র চেয়ারম্যান প্রফেসর নারায়ন চন্দ্র সাহা এবং সদস্য ড. মিয়া ইনামুল হক সিদ্দিকী উপস্থিত ছিলেন। উল্লেখ্য, এনসিটিবি'র আর্টিস্ট কাম ডিজাইনার সুদর্শন বাহার এ ম্যুরাল নির্মাণে শিল্পী হিসেবে কাজ করেন। তার সহকর্মী সুজাউল আবেদিন তাঁকে সহযোগিতা করেন।